

## ■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৩৮

৭/ তালাক (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১৭০. যখন পিতা- মাতার একজন ইসলাম করুল করে, তখন সন্তান কার হবে।

بَابٌ إِذَا أَسْلَمَ أَحَدُ الْأَبْوَيْنِ مَعَ مَنْ يَكُونُ الْوَلَدُ

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُوسَى الرَّازِيُّ، أَخْبَرَنَا عِيسَى، حَدَّثَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ جَعْفَرٍ، أَخْبَرَنِي أَبِي، عَنْ جَدِّي، رَافِعِ بْنِ سِنَانٍ أَنَّهُ أَسْلَمَ وَأَبْتَأَتْ أُمْرَاتُهُ أَنْ تُسْلِمَ فَأَتَتِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتِ ابْنَتِي وَهِيَ فَطِيمٌ أَوْ شَبِهُهُ وَقَالَ رَافِعٌ ابْنَتِي . فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "اَقْعُدْ نَاحِيَةً" . وَقَالَ لَهَا "اَقْعُدِي نَاحِيَةً" . قَالَ وَأَقْعَدَ الصَّبِيَّةَ بَيْنَهُمَا ثُمَّ قَالَ "ادْعُوا هَاهَا" . فَمَالَتِ الصَّبِيَّةُ إِلَى أُمِّهَا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "اللَّهُمَّ اهْدِهَا" . فَمَالَتِ الصَّبِيَّةُ إِلَى أُبِيهَا فَأَخَذَهَا .

বাংলা

২২৩৮. ইবাহীম ইবন মুসা ..... আবদুল হামীদ ইবন জাফর হতে বর্ণিত। তিনি বলেন, আমার পিতা আমার দাদা রাফি' ইবন সিনান (রহঃ) হতে বর্ণনা করেছেন যে, তিনি ইসলাম গ্রহণ করলেও তাঁর স্ত্রী ইসলাম করতে অস্বীকার করে। তখন সে (তার স্ত্রী) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে উপস্থিত হয়ে বলে, সে আমার কন্যা সন্তান! আর সে আমারই মতো। অপর পক্ষে রাফি' দাবি করেন, সে আমার কন্যা! নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে এক পার্শ্বে এবং তার স্ত্রীকে অপর পার্শ্বে বসতে বলেন এবং কন্যা সন্তানটিকে তাদের মাঝখানে বসিয়ে দেন। এরপর তিনি বলেন, এখন তোমরা উভয়ে তাকে আহবান করো। কন্যাটি তার মাতার প্রতি আকৃষ্ট হলে, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ইয়া আল্লাহ! তুমি একে (কন্যাকে) হিদায়াত দান করো। তখন সে তার পিতার প্রতি আকৃষ্ট হয়ে পড়ে এবং সে (রাফি') তাকে গ্রহণ করে।

### English

'Abd al-Hamid ibn Ja'far reported from his father on the authority of his grandfather Rafi' ibn Sinan that he (Rafi' ibn Sinan) embraced Islam and his wife refused to embrace Islam. She came to the Prophet ﷺ and said:

My daughter; she is weaned or about to wean. Rafi' said: My daughter. The Prophet (ﷺ) said to him: Be seated on a side. And he said to her: Be seated on a side. He then seated the girl between them, and said to them: Call her. The girl inclined to her mother. The Prophet (ﷺ) said: O Allah! guide her. The daughter then inclined to her father, and he took her.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34346>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন